

স্মারক নং- ৪৬.০৬৬.০১০.০০.০০.০২২.২০১২-১০৪৭

তারিখঃ ১৮ অক্টোবর ১৪২৭
০৩ ডিসেম্বর ২০১০


পরিশ্র

বিষয়ঃ প্রাচীন সড়কের ধার বেঁধে পুকুর বা সেচ নালা তৈরীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ।

লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশের বিভিন্ন উপজেলায় এলজিইডি কার্যকর নির্মিত সড়কের পাশে পুকুর ও নালা খনন করা হচ্ছে। সড়কের ধার বেঁধে পুকুর, কুপ, খাটি বা সেচ নালা ইত্যাদি খনন করলে সড়কের পাশে-ঢোল এবং আড়-ঢোল ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষেত্রে সড়ক সীমানার বাইরে ন্যূনতম দূরত্ব বজায় রেখে তৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম হাতে নেয়া যায়। নিয়মের ব্যত্যয় ঘটিলে প্রাচীন সড়কের ধার বেঁধে পুকুর, সেচ নালা খনন করা দেশের প্রচলিত আইন অনুসারে প্রতিযোগিতা অপরাধ। কোন ব্যক্তি রাজার ধার বেঁধে পুকুর/খাল/কুপ/সেচনালা তৈরি করলে নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে নিজ খরচে সুবন্ধা ঢোল নির্মাণ করবেন। এ সংক্রান্ত কতিপয় আইন/বিধি-বিধান নিম্নরূপঃ

- সংশ্লিষ্ট আইন/বিধি-বিধানঃ
- ১। The Building Construction Act, 1952-এর ৩ ধারা অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বনুমতি ছাড়া কোন পুকুর খনন বা পুনঃখনন করা যাবে না।
 - ২। যদি কেউ এমনভাবে পুকুর বা সেচনালা ইত্যাদি খনন করেন যার ফলে জমির বা সড়কের বা পথের ব্যবহার বা ভোগদখলের ক্ষেত্রে কোনরূপ অসংগত অসুবিধার সৃষ্টি করে তাহলে কর্তৃপক্ষ The Building Construction Act, 1952-এর ৩খ ধারার (০) উপধারা অনুযায়ী ১৫ দিনের মধ্যে তা অপসারণ, খনন বা পুনঃখনন বন্ধ বা ভরাট করার আদেশ দিতে পারেন।
 - ৩। যদি কেউ The Building Construction Act, 1952-এর ৩ ধারার বিধান লঙ্ঘন করেন বা ৩খ ধারা অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ পালনে ব্যর্থ হন তাহলে উক্ত আইনের ১২ ধারা অনুযায়ী আদালত মোদী ব্যক্তিকে ২ বছর পর্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ড অথবা উভয় ধরনের দণ্ডে দণ্ডিত করতে পারেন।
 - ৪। ইमारত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর বিধি ২৮ মোতাবেক নিজ জমির কমপক্ষে ১০ (দশ) ফুট অভ্যন্তরে পুকুর বা খলাপথ সীমাবদ্ধ রাখতে হবে। অর্থাৎ সরকারি রাজার সীমানার কিনারা হতে কমপক্ষে ১০ (দশ) ফুট দূরত্বে এবং ৪৫ ডিগ্রি Slope (ঢোল) এ পাত্ত রেখে পুকুর/খলাপথ খনন করতে হবে।
 - ৫। দণ্ডবিধি, ১৮-৬০ এর ধারা ৪০১ মোতাবেক সরকারি রাজার ক্ষতিসাধন ঘোষণাদারী দণ্ডনীয় অপরাধ। এই আইনে ৫ বছরের কারাদণ্ড বা জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিত হওয়ার বিধান রয়েছে।
 - ৬। সরকারি ও স্থানীয় কর্তৃপক্ষের জমি ও ইमारত (দখল পুনরুদ্ধার) অধ্যাদেশ ১৯৭০-এর ধারা-৫ অনুযায়ী অবৈধভাবে দখলকৃত জমির উপর পুকুর নালা বা পুকুর খনন বা পুনঃখনন করলে জেলা প্রশাসক উক্ত নালা বা পুকুর ৩০ দিনের মধ্যে অপসারণের আদেশ দিতে পারেন। জনস্বার্থের পুরুত্ব বিবেচনায় তিনি ক্ষেত্র বিশেষে ৭ দিনের মধ্যেও অপসারণের আদেশ দিতে পারেন। উক্তরূপ অবৈধ দখলের জন্য ৭ ধারা অনুযায়ী আদালত মোদী ব্যক্তিকে কারাদণ্ড বা জরিমানা অথবা উভয় ধরনের দণ্ডে দণ্ডিত করতে পারেন।

এমতাবস্থায়, প্রাচীন সড়কের পাশে প্রচলিত আইন/বিধি-বিধানের ব্যত্যয় ঘটিলে কোন পুকুর, কুপ, খাটি বা সেচ নালা খনন করা হলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোসমদীন পাঠকীন)
উপসচিব
টেলিফোন-৯৫ ৭৫৫৬৭

বিতরণ :

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আপারখাঁও, ঢাকা;
- ২। বিভাগীয় কমিশনার, _____ বিভাগ (সকল);

সংসদীয় শাখা-২